

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২৬৬

তারিখঃ ২৪ মে, ২০২৬

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের টারম্যাক এলাকায় স্তুপীকৃত আমদানী কার্গো দ্রুত ডেলিভারী গ্রহণ করা প্রসঙ্গে।


সূত্রঃ ৩০.৩১.০০০০.১৬১.০২.০০১.২৫/১৩৭০ক তারিখঃ ২৩ মে, ২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। পর্যাপ্ত স্থানের অভাবে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের টারম্যাক এলাকায় আমদানিকৃত কার্গো অস্বাভাবিকভাবে সংরক্ষণ করা হচ্ছে যার পরিমাণ প্রায় ৮৭৬ টন। আসন্ন ঈদ-উল-আযহার দীর্ঘ ছুটিতে আমদানি কার্গোর মজুদ বৃদ্ধি পেয়ে টার্মিনালের স্বাভাবিক অপারেশন ও নিরাপত্তার বিঘ্ন ঘটতে পারে এবং অগ্নিবুঁকি সৃষ্টি করছে। ফলে যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা সংঘটিত হতে পারে। এ বিষয়ে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

উক্ত কার্গো জটের কারণে প্রতিনিয়ত ফায়ার টেন্ডার চলাচল এবং এয়ার সাইড অপারেশন বাঁধাগ্রস্ত হচ্ছে। এছাড়াও খোলা আকাশের নীচে পণ্য সংরক্ষণের ফলে বৈরী আবহাওয়ার কারণে আমদানিকৃত মালামাল ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে ইতিপূর্বে একাধিক সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে অবগত করা হয়েছে। তথাপিও আমদানিকৃত পণ্য ডেলিভারী গ্রহণের হার আশাব্যঞ্জক হয়নি। উল্লেখ্য, সময়মত আমদানি পণ্য ডেলিভারী না নিলে বিমান কর্তৃপক্ষ কর্তৃক উচ্চ হারে ডেমারেজ চার্জ আদায়ের সম্ভাবনা রয়েছে।


এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্য চালান দ্রুততার সাথে খালাস গ্রহণের নিমিত্তে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টদেরকে জরুরী নির্দেশনা প্রদান করার জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)  
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ  
নির্বাহী পরিচালকের দপ্তর  
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

নথি: ৩০.৩১.০০০০.১৬১.০২.০০১.২৫/১৬৭০৫

তারিখ-২০মে ২০২৬।

বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের টারম্যাক এলাকায় স্থপীকৃত আমদানী কার্গো দ্রুত অপসারণ/হস্তান্তর প্রসঙ্গে।

সূত্র:

(ক) ৩০.৩১.০০০০.১৬১.০২.০০১.২৫/১৩৫৭ক, তারিখ: ১২/০৫/২০২৬ খ্রিঃ।

১। উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্র 'ক' এর মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের টারম্যাক এলাকায় আমদানিকৃত কার্গো অন্তর্ভাবিকভাবে সংরক্ষণের বিষয়টি ইতিমধ্যে অবহিত করা হয়েছে, কিন্তু এখন পর্যন্ত কোন কার্যকরী পদক্ষেপ গৃহীত হয়নি। উক্ত এলাকায় বর্তমানে প্রায় ৮৭৬ টন আমদানি কার্গো জমাকৃত রয়েছে। আসন্ন ঈদুল আযহা উপলক্ষে দীর্ঘ ছুটিতে আমদানী কার্গোর মজুদ আরও বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে, যা সময়মতো অপসারণ করা না হলে টারম্যাকের স্বাভাবিক অপারেশন এবং নিরাপত্তা বিঘ্নিত হতে পারে। এই অতিরিক্ত জমাকৃত কার্গো বিমানবন্দরের নিরাপত্তা ও অগ্নি-ঝুঁকি (Fire Hazard) সৃষ্টি করছে, যা যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনার কারণ হতে পারে। এছাড়াও উক্ত কার্গো জটের কারণে প্রতিনিয়ত ফায়ার টেন্ডার চলাচল এবং এয়ারসাইড অপারেশন বাধাগ্রস্ত হচ্ছে। উপরন্তু খোলা আকাশের নীচে সংরক্ষণের ফলে বৈরী আবহাওয়ার কারণে আমদানিকৃত মালামাল ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। উল্লেখ্য যে, উপরোল্লিখিত বিষয়ে একাধিকবার পত্রালাপ করেও কোন কার্যকরী পদক্ষেপ গৃহীত হয়নি। এমতাবস্থায়, অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টদের মাধ্যমে জমাকৃত কার্গো দ্রুত ভেলিভারি নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। বিষয়টির গুরুত্ব বিবেচনা করে জরুরি ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



এস এম রাগীব সামাদ

গ্রুপ ক্যাপ্টেন

নির্বাহী পরিচালক

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর

কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

কার্যার্থে:

- ১। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা।
- ২। কমিশনার কাস্টমস, কাস্টমস হাউজ, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। জিএম (কার্গো), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। জিএম (জিএসই), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা।
- ৫। সভাপতি, ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন, হশাআবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। জনাব মোহাম্মদ হাতেম, সভাপতি, বিকেএমইএ।
- ৭। জনাব মাহমুদ হাসান খান, সভাপতি, বিজিএমইএ।

অনুলিপি:

- ১। সদস্য (পরিঃপরিঃ), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। সদস্য (নিরাপত্তা), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। পিএস টু চেয়ারম্যান, সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।